গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬৪/২০১৮-২০১৯

ঢাকা, বুধবার ২০ ফেব্রুয়ারি ২০১৯, ০৮ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জনগণের প্রত্যাশা সরকার অবশ্যই পূরণ করবে : আবুধাবিতে সংবর্ধনায় প্রধানমন্ত্রী
২। বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী আমিরাতের দু'টি কোম্পানি
৩। প্রধানমন্ত্রী আমিরাতে আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনীতে যোগদান শেষে দেশে ফিরেছেন আজ
৪। বাংলাদেশি শ্রমিক নিয়োগে আগ্রহী দক্ষিণ কোরিয়া :
স্পিকারের সাথে দক্ষিণ কোরিয় সংসদীয় প্রতিনিধিদলের সাক্ষাৎ
৫। আগামী রমজানের আগেই সব ধরণের রাস্তা মেরামত করতে হবে : সেতুমন্ত্রী
৬। কৃষিতে ব্যবহার করতে হবে উদ্ভাবিত নতুন প্রযুক্তি : কৃষিমন্ত্রী
৭। বাংলাদেশের গণমাধ্যম এবং সাংবাদিকরা অধিকতর স্বাধীনতা ভোগ করছে : তথ্যমন্ত্রী
৮। তদন্ত প্রভাবমুক্ত রাখতে ফরাসউদ্দিনের প্রতিবেদন প্রকাশ হচ্ছে না : রিজার্ভ চুরি নিয়ে সংসদে অর্থমন্ত্রী
৯। ৮৭ শতাংশ মানুষ নিরাপদ পানি পাচ্ছে, স্যানিটেশন সুবিধাপ্রাপ্ত ৯৯ ভাগ : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী
১০। বর্তমান সরকার জাহাজ নির্মাণ শিল্পের বিকাশে প্রয়োজনীয় সহায়তা দিচ্ছে : শিল্পমন্ত্রী
১১। পাট আবারো শীর্ষ রফতানি পণ্য হবে : পাটমন্ত্রী
১২। বাংলাদেশ থেকে কালাজ্বর নির্মূল হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী
১৩। সংসদে সংরক্ষিত নারী আসনে এমপিদের শপথ আজ
১৪। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে সবাইকে নিরলস কাজ করতে হবে : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী
১৫। স্টেডিয়াম হবে ইউনিয়ন পর্যায়ে : সংসদে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী
১৬। সমুদ্রবিজয়ের সুফল কাজে লাগাতে পারছি না : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী
১৭। পদ্মা সেতুর অষ্টম স্প্যান উঠছে আজ
১৮। মুসলিম উম্মাহর ঐক্য ও শান্তি কামনায় শেষ হলো বিশ্ব ইজতেমা

চলমান পাতা-২

১। **জনগণের প্রত্যাশা সরকার অবশ্যই পূরণ করবে : আবুধাবিতে সংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণ যে প্রত্যাশা নিয়ে আওয়ামী লীগকে ভোট দিয়েছে তা সরকার অবশ্যই পূরণ করবে। সুষম উন্নয়নের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া হবে। দেশকে সোনার বাংলাদেশ হিসেবে গড়ে তোলার জন্য তিনি প্রাণান্তকর প্রচেষ্টা অব্যাহত রাখবেন। বাংলাদেশকে মাদক, সন্ত্রাস এবং জঙ্গিবাদমুক্ত দেশ হিসেবে গড়ে তুলতে যা যা করণীয় তাঁর সরকার সবই করবে। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সন্ধ্যায় আবুধাবির সেন্ট রেগিজ হোটেলে আরব আমিরাতে বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র-সমকাল (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

২। **বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী আমিরাতের দু'টি কোম্পানি**

সংযুক্ত আরব আমিরাতের দু'টি প্রধান কোম্পানি লুলু গ্রুপ ইন্টারন্যাশনাল এবং এনএমসি গ্রুপ বাংলাদেশে বিশেষত স্বাস্থ্যসেবা, হোটেল, বিপণিবিতান ও পর্যটনখাতে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) তাঁর হোটেল স্যুটে সৌজন্য সাক্ষাতের সময় লুলু গ্রুপের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক ইউসুফ আলী এবং এনএমসি গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ড. বি আর শেঠি এ আগ্রহ প্রকাশ করেন। লুলু গ্রুপের চেয়ারম্যান বলেন, পর্যটন ও বৃহদাকার বিপণি বিতান খাতে বিনিয়োগের জন্য সম্ভাবনাময় ক্ষেত্র হিসেবে বাংলাদেশ বিবেচিত হচ্ছে এবং ঢাকা বা সংলগ্ন এলাকায় এজন্য তাঁরা জমি চান। এ গ্রুপটির একটি বিপণিবিতান নির্মাণের পরিকল্পনা রয়েছে এবং তা বাস্তবায়িত হলে প্রায় পাঁচ হাজার মানুষের জন্য সুযোগ সৃষ্টি হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের উন্নয়নের লক্ষ্যে বিদেশি বিনিয়োগকে স্বাগত জানাতে প্রস্তুত বাংলাদেশ। প্রধানমন্ত্রী প্রয়োজনীয় জমি বরাদ্দের ব্যাপারে তাঁদের আশ্বস্ত করেন এবং তাদের বাণিজ্যিক পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সরেজমিন অভিজ্ঞতা লাভের জন্য বাংলাদেশ সফরের আহ্বান জানান। এনএমসি গ্রুপের প্রতিষ্ঠাতা কোম্পানির নীতি বিনামূল্যে চিকিৎসা, মানসম্মত, সাশ্রয়ী ও নৈতিকতা অনুশীলন এর ভিত্তিতে বাংলাদেশে মানবিক কার্যক্রম ও স্বাস্থ্য সেবা সম্প্রসারণের আগ্রহ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এনএমসি গ্রুপের আগ্রহকে স্বাগত জানিয়ে তাঁদের ক্যান্সার ও হৃদরোগের চিকিৎসার জন্য হাসপাতাল নির্মাণের লক্ষ্যে প্রস্তাব নিয়ে আসার আহ্বান জানান। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকন্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৩। **প্রধানমন্ত্রী আমিরাতে আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনীতে যোগদান শেষে দেশে ফিরছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনীতে (আইডিইএক্স-২০১৯) যোগদান করে সংযুক্ত আরব আমিরাতে তাঁর তিন দিনের সরকারি সফর শেষে আজ ২০ ফেব্রুয়ারি বুধবার সকালে দেশে ফিরছেন। বাংলাদেশ বিমানের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের নিয়ে বুধবার আবুধাবির স্থানীয় সময় রাত ১২টা ১৫ মিনিটে ঢাকার উদ্দেশে আবুধাবির আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে (বাংলাদেশ সময় মঙ্গলবার রাত ২টা ১৫ মিনিট)। বিমানটির স্থানীয় সময় বুধবার সকাল ৭টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে। সফরকালে প্রধানমন্ত্রী গত ১৭ ফেব্রুয়ারি আবুধাবির ন্যাশনাল এক্সিবিশন সেন্টারে 'আইডিইএক্স-২০১৯' এর উদ্বোধন অনুষ্ঠানে যোগদান করেন। সূত্র-**জনকন্ঠ** (পৃ.১,ক.৬) **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

৪। **বাংলাদেশি শ্রমিক নিয়োগে আগ্রহী দক্ষিণ কোরিয়া :**
**স্পিকারের সাথে দক্ষিণ কোরিয় সংসদীয় প্রতিনিধিদলের সাক্ষাৎ**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে দক্ষিণ কোরিয়ান সংসদীয় প্রতিনিধিদল কোরিয়ায় বাংলাদেশি শ্রমিক নিয়োগের আগ্রহ প্রকাশ করেছে। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদভবনে সাক্ষাতে কোরিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ গ্রুপের ভাইস চেয়ারম্যান মি. মিন খিয়াংউক কোরিয়ান সংসদীয় প্রতিনিধিদলের নেতৃত্বে দেন। সাক্ষাৎকালে তাঁরা সংসদীয় কার্যক্রম, বিনিয়োগ, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও কোরিয়ায় বাংলাদেশি শ্রমিক নিয়োগ নিয়ে আলোচনা করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, কোরিয়ায়

বাংলাদেশি প্রবাসীরা মর্যাদা ও সুনামের সঙ্গে কাজ করছেন যা আমাদের অর্থনীতির চাকাকে গতিশীল করতে ভূমিকা রাখছে। তনি বলেন, বাংলদেশ-কোরিয়া ফ্রেন্ডশিপ গ্রুপের সফরের মাধ্যমে সংসদ সদস্যদের অভিজ্ঞতা বিনিময় দু'দেশের সংসদীয় কার্যক্রমে নতুনমাত্রা যোগ করবে। স্পিকার বর্তমান সরকারের প্রতিষ্ঠিত বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে কোরিয়ান ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইনকিলাব** (পৃ.৮,ক.৮)।



**৫। আগামী রমজানের আগেই সব ধরণের রাস্তা মেরামত করতে হবে : সেতুমন্ত্রী**

সারাদেশের সড়ক মেরামত ও কাজের কোয়ালিটি নিয়ে অসন্তোষ প্রকাশ করে সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামী রমজানের আগেই সব ধরণের ভাঙা রাস্তা মেরামত করতে হবে। চলতি কাজ শেষ করতে হবে। এজন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সড়ক ও জনপদ অধিদফতরের (সওজ)'র কর্মকর্তাদের নির্দেশ দেন তিনি। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) রজধানীর তেজগাঁও সড়ক ভবনে সওজ'র কর্মকর্তা প্রকৌশলী বাস্তবায়নাধীন প্রকল্প প্রধানদের সঙ্গে এক মতবিনিময়সভায় তিনি এ নির্দেশ দেন। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৬। কৃষিতে ব্যবহার করতে হবে উদ্ভাবিত নতুন প্রযুক্তি : কৃষিমন্ত্রী**

কৃষি গবেষণায় উদ্ভাবিত জ্ঞান ও প্রযুক্তিকে প্রান্তিক চাষিদের কাছে পৌঁছানোর উপর এ খাতের উন্নয়ন অনেকাংশে নির্ভরশীল বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। তিনি বলেন, উদ্ভাবিত নতুন প্রযুক্তির প্রকৃত ব্যবহার করতে হবে কৃষকের খামারে। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম (এটুআই) এর সাথে কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রম বিষয়ক আলোচনাসভায় কৃষিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**৭। বাংলাদেশের গণমাধ্যম এবং সাংবাদিকরা অধিকতর স্বাধীনতা ভোগ করছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, আমরা বাংলাদেশের গণমাধ্যমের মান ও উৎকর্ষতা যুক্তরাজ্যের পর্যায়ে নিয়ে যেতে চাই। সে জন্য গণমাধ্যমের কাছ থেকে আমরা দায়িত্বশীলতা প্রত্যাশা করি। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ভারত, নেপাল ও শ্রীলঙ্কার প্রেস কাউন্সিলের প্রতিনিধিদলের সঙ্গে এক বৈঠকে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, বিশ্বের যে কোনো দেশের তুলনায় বাংলাদেশের গণমাধ্যম এবং সাংবাদিকরা অধিকতর স্বাধীনতা ভোগ করছে। ভুল সংবাদ প্রচার করায় যুক্তরাজ্যে অনেক গণমাধ্যম বন্ধ হয়ে গেছে। অনেক কর্মকর্তাকে পদত্যাগ করতে হয়েছে এবং অনেক প্রতিষ্ঠানকে জরিমানাও গুনতে হয়েছে। কিন্তু বাংলাদেশে এখন পর্যন্ত এ ধরণের কোনো ঘটনা ঘটেনি। সূত্র **: ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

**৮। তদন্ত প্রভাবমুক্ত রাখতে ফরাসউদ্দিনের প্রতিবেদন প্রকাশ হচ্ছে না : রিজার্ভ চুরি নিয়ে সংসদে অর্থমন্ত্রী**

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় গঠিত ফরাসউদ্দিনের তদন্ত প্রতিবেদন প্রকাশ না করার কারণ সংসদকে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি জানান, বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) কাজ এখনও চলমান রয়েছে। সিআইডির তদন্ত প্রতিবেদন যাতে প্রভাবিত না হয় তার জন্য ড. ফরাসউদ্দিনের প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে না। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদে ৩০০ বিধিতে অর্থমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১) **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬) ।

**৯। ৮৭ শতাংশ মানুষ নিরাপদ পানি পাচ্ছে, স্যানিটেশন সুবিধাপ্রাপ্ত ৯৯ ভাগ : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বর্তমানে দেশের শতকরা ৮৭ ভাগ মানুষ নিরাপদ পানি এবং ৯৯ ভাগ মানুষ মৌলিক স্যাটিটেশন সুবিধার আওতাভুক্ত। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

**১০।	বর্তমান সরকার জাহাজ নির্মাণ শিল্পের বিকাশে প্রয়োজনীয় সহায়তা দিচ্ছে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন বলেছেন, বর্তমান সরকার জাহাজ নির্মাণ শিল্পের বিকাশে প্রয়োজনীয় নীতি সহায়তা দিয়ে যাচ্ছে। ইতোমধ্যে এ শিল্পকে অগ্রাধিকার শিল্পখাতের তালিকাভুক্ত করা হয়েছে। পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার চরনিশানবাড়িয়া ও মধুপাড়া মৌজা এবং বরগুনা জেলার তালতলী উপজেলার ছোট নিশানবাড়িয়া মৌজায় পরিবেশবান্ধব শিপবিল্ডিং ও রিসাইক্লিং জোন গড়ে তোলা হচ্ছে। জাহাজ নির্মাণে কর্পোরেট ট্যাক্স তুলে দেওয়ার শিল্প মালিকদের দাবির প্রেক্ষিতে তিনি এ বিষয়ে একটি বাস্তবসম্মত প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণের পরামর্শ দেন। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) শিল্প মন্ত্রণালয়ে শিপার্স কাউন্সিল অভ্ বাংলাদেশের এক প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে শিল্পমন্ত্রী এ কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.১৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

=৪=

**১১।	পাট আবারো শীর্ষ রফতানি পণ্য হবে : পাটমন্ত্রী**

পাট পণ্যকে আবার শীর্ষ রফতানি খাতের মর্যাদায় ফিরিয়ে আনার পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী। তিনি বলেছেন, পাটপণ্যের রফতানি বাড়াতে বিদ্যমান সমস্যা চিহ্নিত করা এবং সে অনুযায়ী সমাধানের পরিকল্পনা নেওয়া হবে। এর অংশ হিসেবে পাটের বহুমুখী ব্যবহার বাড়াতে চলতি বছরে জুট গুডস রিসার্চ অ্যান্ড ট্রেনিং সেন্টার প্রতিষ্ঠায় সরকারের পরিকল্পনার কথা জানান তিনি। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর পাট অধিদপ্তরে কর্মকর্তাদের সঙ্গে এক আলোচনাসভায় এসব কথা বলেন পাটমন্ত্রী। সূত্র- **সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১২।	বাংলাদেশ থেকে কালাজ্বর নির্মূল হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, বাংলাদেশ থেকে দৃশ্যত কালাজ্বর নির্মূল হয়েছে এবং এ পরিস্থিতি টেকসই করার লক্ষ্যে সংশ্লিষ্ট সবাইকে নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করে যেতে হবে। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) হোটেল সোনারগাঁও এ দক্ষিণ এশিয়ায় কালাজ্বরের টেকসই নির্মূল সংক্রান্ত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ১০ বছরে সরকারের বাস্তবায়িত কর্মসূচি এবং নজরদারির কারণে জাতীয় কালাজ্বর নির্মূল কার্যক্রম সফলভাবে কাজ করেছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব** (পৃ.৮,ক.৭)।

**১৩।	প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে সবাইকে নিরলস কাজ করতে হবে : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি ও নিদের্শনা বাস্তবায়নের মাধ্যমে দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে সবাইকে নিরলসভাবে কাজ করে যেতে হবে। সে ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানগুলোকে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প দ্রুত সময়ের মধ্যে শেষ করার আহ্বান জানান তিনি। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সাভারে পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান পরিদর্শনকালে মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্য তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.২)।

**১৪।	সংসদে সংরক্ষিত নারী আসনে এমপিদের শপথ আজ**

একাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে নির্বাচিতরা সংসদ সদস্য হিসেবে আজ (২০ ফেব্রুয়ারি বুধবার) শপথ নেবেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সকাল সাড়ে ১০টায় সংসদভবনের শপথকক্ষে তাদের শপথ পড়াবেন। একাদশ সংসদে সংরক্ষিত ৫০ নারী আসনের মধ্যে আওয়ামী লীগের ৪৩টি, জাতীয় পার্টির (জাপা) ৪টি, ওয়ার্কার্স পার্টি ১টি এবং স্বতন্ত্র জোট ১টি আসন পেয়েছে। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

**১৫।	স্টেডিয়াম হবে ইউনিয়ন পর্যায়ে : সংসদে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী**

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল বলেছেন, খেলাধুলার মান উন্নয়নে সরকার দেশের প্রতিটি উপজেলায় একটি করে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প গ্রহণ করেছে। ইতোমধ্যে দেশের অধিকাংশ উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজ শেষ হয়েছে। সারাদেশের অধিকাংশ উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজ শেষ হয়েছে। সারাদেশে এ প্রকল্পের কাজ শেষ হওয়ায় পর ইউনিয়ন পর্যায়ে এ ধরণের প্রকল্প গ্রহণ করায় পরিকল্পনা

সরকারের রয়েছে। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।

১৬। **সমুদ্রবিজয়ের সুফল কাজে লাগাতে পারছি না : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

সমুদ্রবিজয়য়ের চার বছর পেরিয়ে গেলেও এখনো তার সুফল জাতীয় জীবনে কাজে লাগানো যাচ্ছে না বলে মন্তব্য করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) হোটেল সোনারগাঁওয়ে সমুদ্র অর্থনীতি নিয়ে এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। প্রতিমন্ত্রী বলেন, আমরা সাগরের ১০০ কিলোমিটার গভীরতায় মাছ আহরণ করতে পারি। অথচ  গভীর সমুদ্রে মৎস্যের ভান্ডার আমাদের জন্য অপেক্ষা করছে। একই সঙ্গে এখনো আমরা প্রাকৃতিক উপায়ে প্রজননকৃত মাছ আহরণেই মনোযোগ বেশি দিচ্ছি। সামুদ্রিক মৎস্যচাষ বা মেরিকালচারের সুযোগকে এখনো কাজে লাগাতে পারিনি। অথচ আমাদের প্রতিবেশি দেশ ভারত, থাইল্যান্ড, ফিলিপাইন, মালয়েশিয়া, ইন্দোনেশিয়ায় মেরিকালচার ব্যাপক লাভজনক হিসেবে সমাদৃত হয়েছে। মেরিকালচাররের প্রজনন প্রযুক্তি, গবেষণা ও আহরণ বাংলাদেশেও সম্প্রসারণ করা প্রয়োজন। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।



১৭। **পদ্মাসেতুর অষ্টম স্প্যান উঠছে আজ**

পদ্মাসেতুর জাজিরা প্রান্তে অষ্টম স্প্যান উঠছে আজ (২০ ফেব্রুয়ারি বুধবার)। এ উপলক্ষে মুন্সীগঞ্জের মাওয়ার কুমারভোগের বিশেষায়িত ওয়ার্কশপ থেকে গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) শরীয়তপুরের জাজিরা প্রান্তে পৌঁছেছে পদ্মাসেতুর অষ্টম স্প্যান। এ স্প্যানটি বসতে যাচ্ছে ৩৬ ও ৩৫ নম্বর খুঁটিতে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

১৮। **মুসলিম উম্মাহর ঐক্য ও শান্তি কামনায় শেষ হলো বিশ্ব ইজতেমা**

মুসলিম উম্মাহর ঐক্য ও শান্তি কামনা করে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হয়েছে এবারের ৫৪তম বিশ্ব ইজতেমা। গতকাল (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) মাওলানা সা'দ অনুসারীদের আখেরি মোনাজাত পরিচালনা করেন দিল্লি মারকাজের হযরত মাওলানা মুহাম্মদ শামীম। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, যুগান্তর :** কক্সবাজার জেলায় মাদক ব্যবসায়ীদের যে তালিকা পুলিশের কাছে রয়েছে তাতে **১১৫১** জনের নাম থাকলেও জনসম্মুখে আত্মসমর্পণ করেছে মাত্র **১০২** জন উল্লেখ করে মাদকের বিরুদ্ধে কঠোরতম পদক্ষেপ নেওয়ার দাবি।

খ. **সমকাল :** বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ড্রেন ও ডাস্টবিন থেকে অপরিণত শিশু ও মানবদেহের বিভিন্ন অঙ্গপ্রতঙ্গ উদ্ধারের ঘটনাকে অমানবিক উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর :** বিনাসুদে মুক্তিযোদ্ধাদের গৃহনির্মাণ ঋণ দিতে সাড়ে **৩** হাজার কোটি টাকার তহবিল গঠন করা হচ্ছে উল্লেখ করে প্রকৃত মুক্তিযোদ্ধারা যাতে এ সুবিধা পান সেদিকে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** সার্ককোটা ও ননসার্ক কোটায় দেশের সরকারি মেডিকেল কলেজে ভর্তি হওয়া বিদেশিদের মধ্যে **১৫** জন ভারতীয় জাল নম্বরপত্র ও ভূয়া সনদে ভর্তি হয়েছেন এক প্রতিবেদনে তা প্রকাশ হওয়ায় নিন্দা জানিয়ে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা।

ঙ. **সংবাদ :** চট্টগ্রামের সীতাকুণ্ডে সাগরিকা শিপব্রেকিং ইয়ার্ডে তেলের ট্যাঙ্ক বিস্ফোরণে দুজন নিহত ও একজন আহত হওয়ার ঘটনার জন্য নিরাপত্তাসংক্রান্ত নীতিমালা না মানার অভিযোগ আনা হয়েছে উল্লেখ করে শিপইয়ার্ডগুলোতে যথাযথ নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **অবজারভার :** রাজধানীতে আইন ভঙ্গ করে ফুটপাত ও যত্রতত্র রাস্তা দিয়ে চালকরা বেপরোয়াভাবে

মোটরসাইকেল চালানোয় দুর্ঘটনা ও যানজটের কারণ হচ্ছে উল্লেখ করে এসব বেপারোয়া চালকের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** আলুর বাম্পার ফলন হলেও হিমাগারের অভাবে যথাযথভাবে সংরক্ষণ করা যায় না উল্লেখ করে দেশে পর্যাপ্ত হিমাগার গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, তরুণ প্রজন্মের হৃদয়ে জাতিরপিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল আন্দোলন সংগ্রামে শহীদদের আত্মত্যাগ ও আত্মোৎসর্গের গৌরবগাথাঁ পরিপূর্ণভাবে প্রোথিত করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্রসঙ্গ ডাকসু : গঠনমূলক রাজনীতিতে মুখরিত হোক ক্যাম্পাস'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, সফলভাবে রাষ্ট্র পরিচালনার জন্য প্রয়োজন যোগ্য নেতৃত্ব, আর যোগ্য নেতৃত্বের জন্য প্রয়োজন ছাত্র সংসদ নির্বাচন।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা